



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ নাটোর-৪৯/ ১০৬৪২

তারিখঃ ১৬/০৪/২০১৭খ্রিঃ

বিষয় : ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া এবং এডহক কমিটি অনুমোদন সংক্রান্ত স্মারকদ্বয়ের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।

সূত্র : রিট পিটিশন নং- ২৬১৯/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন বাটরা গোপালপুর দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া সংক্রান্ত এ দপ্তরের নং-বামাশিবো/প্রশা/নাটোর-৪৯/১০০২৬; তারিখঃ ০৮/০২/২০১৭খ্রিঃ স্মারকের বিরুদ্ধে জনাব মোঃ মাহবুবুল হক (বাচ্চু) মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২৬১৯/২০১৭ দায়ের করেছেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে উল্লিখিত স্মারকের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টের আদেশ বলবৎ থাকাকালীন উল্লিখিত স্মারক এবং এডহক কমিটি অনুমোদন সংক্রান্ত অত্র বোর্ডের নং-বামাশিবো/প্রশা/১০২৬২/নথি নং-৪৯; তারিখঃ ২০/০৩/২০১৭খ্রিঃ স্মারকের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো।

২) রিট মামলাটি বোর্ডের তথা সরকার পক্ষে পরিচালনার জন্য মাদরাসার সুপার এবং স্থগিতকৃত এডহক কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার কোন ব্যয় ভার বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করতে হবে।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সুপার, বাটরা গোপালপুর দাখিল মাদরাসা, ডাকঘরঃ লক্ষ্মীকোল, বড়াইগ্রাম, নাটোর।

২) সভাপতি (স্থগিতকৃত এডহক কমিটি), বাটরা গোপালপুর দাখিল মাদরাসা, ডাকঘরঃ লক্ষ্মীকোল, বড়াইগ্রাম, নাটোর।

নং- বামাশিবো/প্রশা/ নাটোর-৪৯/

তারিখঃ ১০/৪/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, নাটোর।
২. উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
৩. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪